


মোবাইল ফোনের বেসিক ব্যবহার পদ্ধতি



Digital
Literacy
Center





তোমার ফোনে যেই অপশনটি আসবে
সেই অপশনে ক্লিক করলে বার্তা
লেখার জন্য একটি বক্স চলে আসবে।

এই বক্সে বার্তাটি লিখতে হবে। উপরের দিকে একটি
অপশন থাকবে To/Recipient লেখা, সেখানে যাকে
বার্তাটি পাঠাতে চাও তার নাম্বারটি লিখবে;

যদি নাম্বার সেইভ করা থাকে তাহলে
যেই নামে সেইভ করা আছে সেই নামটি
লিখে সেন্ড বাটন/সেন্ড আইকনে ক্লিক
করলে মেসেজ চলে যাবে।

এতো
খুবই সহজ।
তারপর?

তারপর স্মার্টফোন ব্যবহারের অন্যতম একটি
প্রয়োজনীয় দিক হলো ইন্টারনেট ব্যবহার করা।

এজন্য প্রথমে ডাটা প্যাক কিনে রাখতে হবে।
তারপর ফোনের ডাটা কানেকশন অন করতে হবে।

ডাটা কানেকশন অপশনটি ফোনের নোটিফিকেশন
বারে পাবে অথবা মোবাইল ফোনের সেটিংসে গিয়ে
Mobile Network অপশনে ক্লিক করে সেখানে
থেকে Mobile Data অন করে নিতে পারো।

আর যদি ওয়াইফাই ব্যবহার করে ইন্টারনেট ব্যবহার করতে চাও
তাহলে ফোনের নোটিফিকেশন বারে যেয়ে ওয়াইফাই অন করে নিতে
পারো অথবা মোবাইল ফোনের সেটিংসে গিয়ে Wi-Fi অপশনে ক্লিক
করে Wi-Fi অন করে Available Network থেকে পরিচিত
Network-এ পাসওয়ার্ড দিয়ে Connect করে নিতে পারবে।

তারপর স্মার্টফোনের একটি অন্যতম
ফিচার হলো এই ডিভাইসগুলোর মাধ্যমে
ছবি তোলা বা ভিডিও বানানো যায়।

এছাড়া স্মার্টফোনে আমরা আমাদের প্রয়োজন
অনুসারে বিভিন্ন রকম অ্যাপ ব্যবহার করতে পারি।

এজন্য আমাদের ফোনের সাথে ইন্টারনেট
সংযুক্ত করে প্লেস্টোরে গিয়ে অ্যাপটির নাম
লিখে সার্চ করলেই অ্যাপটি সামনে চলে
আসবে এবং সেখান থেকে তুমি অ্যাপটি
ইনস্টল করে নিতে পারবে।

বুঝেছো?

